



...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর



বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে এম.ফিল. ও পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তিপ্ৰাপ্ত গবেষকগণের গবেষণাকর্মের অগ্রগতির সংক্রান্ত আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৮ জানুয়ারী ২০২১ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার
সভার সময়	সকাল ১১.০০ টা।
স্থান	ভার্চুয়াল (জুম অ্যাপের মাধ্যমে)
উপস্থিতি	উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে এম.ফিল. ও পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তিপ্ৰাপ্ত গবেষকগণসহ উপস্থিত সকলকে সভাপতি মহোদয় স্বাগত জানান। তিনি এম.ফিল. ও পিএইচ.ডি. গবেষক হিসেবে যারা নিয়োজিত আছেন, তাদের গবেষণার ফলাফল ও নিজস্ব উদ্ভাবনী যাতে দেশ ও জাতির কল্যাণে আসে সেই প্রত্যাশা ব্যক্ত করেন। অতঃপর উপপরিচালক বাকী সভার পরিচালনা করেন। তিনি ২০১৭-১৮ অর্থবছরের এম.ফিল. গবেষক জনাব তালজিলা কায়সারকে তার এম.ফিল. গবেষণা কার্যক্রম শেষ করে ট্রাস্টে থিসিস জমা প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরবর্তীতে এম.ফিল. ও পিএইচ.ডি. গবেষণাকর্মের অগ্রগতির প্রতিবেদন, প্রতি কিস্তির অর্থ গ্রহণের জন্য আবেদন ও চেক গ্রহণের সময় নির্ধারণ, এম.ফিল. ও পিএইচ.ডি. সফটওয়্যার টেস্টিং ও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হয়।

সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- অগ্রগতির প্রতিবেদন সুপারভাইজারের অফিসিয়াল প্যাডে হতে হবে, ফেলোর নাম, আইড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন, রিসার্স টাইটেল সুস্পষ্ট থাকতে হবে। এছাড়া, প্রতিবেদনে সুপারভাইজারের ম্যানুয়াল স্বাক্ষর ও সিল থাকবে।
- অগ্রগতির প্রতিবেদনে রিসার্সের অগ্রগতির পর্যায় উল্লেখ থাকতে হবে এবং এ পর্যন্ত কোন কোন ধাপ অতিক্রান্ত হয়েছে তা উল্লেখ করতে হবে। এছাড়া, ভবিষ্যত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- ট্রাস্ট হতে এম.ফিল. ও পিএইচ.ডি. ফেলোদের প্রতি ষান্মসিক কিস্তির অর্থ গ্রহণের জন্য প্রতি জানুয়ারি এবং জুন মাসের প্রথম সপ্তাহে আবেদন করতে হবে।
- প্রতি ষান্মসিক কিস্তির চেক প্রতি জানুয়ারি এবং জুন মাসের ৩য় সপ্তাহে বিতরণ করা হবে।
- এম.ফিল. ও পিএইচ.ডি. ফেলোশিপে প্রদত্ত অর্থে পরিমাণ বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করা হবে।
- সফটওয়্যারে গবেষণার title লেখার অপশন, preview, edit, submit বাটন অপশন সংযুক্ত করতে হবে।

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২১.৮

তারিখ: ২১ মাঘ ১৪২৭

০৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ২) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



জান্নাতুল ফেরদৌস

উপ-পরিচালক